



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২৫

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৯৭তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Floating Rated এবং Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে, শুধুমাত্র প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদধারী ব্যাক্তিরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড Tier II Capital Base শক্তিশালী করবে। স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের এবং মেম্বের্টেড জয়েন্ট অ্যারেঞ্জার এবং ট্রাস্টি হিসাবে কাজ করছে যথাক্রমে সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড, এসবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং এমটিবি ক্যাপিটাল লিমিটেড।
২. মুনু সিরামিক ইন্ডাস্ট্রিজ লিঃ এবং মুনু জুট স্ট্যাপলার্স লিঃ এর শেয়ার মূল্যে কারসাজি (manipulation) সংক্রান্ত ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর প্রস্তাবের প্রেক্ষিতে আজকের কমিশন সভায় Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর Regulation 54(1) অনুযায়ী আগামী চৌদ্দ (১৪) কার্যদিবসের মধ্যে উপরোক্ত বিষয়ে পরিদর্শন কার্যক্রম সম্পাদনপূর্বক উক্ত Regulation এ বর্ণিত সময়ের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করার জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।


১৮/০৯/২০১৯

মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।